MAR. 2[illegible] 2001

দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

# বুয়েটের অ্যাকাডেমিক কার্যক্রমে স্থবিরতা

## ☐ কারণ ছাত্র ধর্মঘট ও হরতাল

বুয়েট সংবাদদাতা ঃ জাতীয় রাজনীতি, ছাত্রদল আহূত ছাত্র ধর্মঘট ও ছাত্রছাত্রীদের অটো ভ্যাকেশনের নামে ক্লাস না করার কারণে দেশের শ্রেষ্ঠতম বিদ্যাপীঠ বুয়েটের অ্যাকাডেমিক কার্যক্রম আপাত স্থবিরতার সম্মুখীন। নির্ধারিত ১৪ সপ্তাহের চলতি টার্মের ৮ম সপ্তাহ চলছে এখন। অথচ আট সপ্তাহের নির্ধারিত ক্লাস, সেশনাল ও ক্লাস টেস্টের অর্ধেকও অনুষ্ঠিত হয়নি। ২৮শে ফেব্রুয়ারি শুরু হওয়ার পর থেকেই হরতালের কারণে ক্লাসসমূহ বিঘ্নিত হয়।

এছাড়া ছাত্রছাত্রীরা ঈদের ছুটির পর অটো ভ্যাকেশনের নামে কয়েকদিন ক্লাস করেনি। অবিলম্বে ইউকসু নির্বাচন, ছাত্র কল্যাণ পরিচালকের পদত্যাগ, ছাত্রদলের নেতাকর্মীদের ওপর ১৪ ও ১৬ই আগস্টের হামলার বিচার ও ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার দাবিতে বর্তমানে চলছে ছাত্রদল আহূত লাগাতার ছাত্র ধর্মঘট। গতকাল ছিল ছাত্র ধর্মঘটের প্রথম দিন। সকাল থেকেই ছাত্রদলের নেতাকর্মীরা প্রধান গেটে অবস্থান নেয়। শ্লোগানসহ তারা ক্লাস করতে আসা ছাত্রছাত্রীদের বাধা দেয়। এরপর প্রধান গেটে এক ছাত্র সমাবেশে ছাত্রদলের বুয়েট শাখার সভাপতি গোলাম মোস্তফা ও সাধারণ সম্পাদক মোকাম্মেল হায়াত খান মুকি অবিলম্বে কর্তৃপক্ষকে ছাত্রদের দাবিগুলো মেনে নেয়ার আহ্বান জানান।

তারা বলেন, শুধু ছাত্রলীগের অনিচ্ছার কারণে ছাত্র কল্যাণ পরিচালক তার প্রতিশ্রুত ইউকসু নির্বাচন আপাতত স্থগিত রাখেন। বুয়েটের ছাত্রছাত্রীদের দাবি আদায়ের জন্য অবিলম্বে ইউকসু নির্বাচনের বিকল্প নেই। কর্তৃপক্ষ অনতিবিলম্বে তাদের দাবিগুলো মেনে না নিলে আগামী মঙ্গলবার থেকেও তাদের লাগাতার ধর্মঘটের কর্মসূচি অব্যাহত থাকবে।

এদিকে ছাত্রদলের ধর্মঘটের কর্মসূচিকে অযৌক্তিক আখ্যা দেয় ছাত্রলীগের বুয়েট শাখার সাধারণ সম্পাদক শফিউল আলম ডলার। তিনি বলেন, ছাত্রছাত্রীদের কল্যাণের কথা ভেবেই ছাত্রদলের কর্মসূচি প্রত্যাহার করা উচিত। ছাত্রফ্রন্টের নাম প্রকাশে অনিচ্ছুক এক নেতা মনে করেন, ইউকসু নির্বাচনের তারিখ ঘোষণা ও ছাত্রছাত্রীদের নিরাপত্তা এখন বুয়েটের সকলের দাবি। তবে ছাত্রছাত্রীদের সমর্থন নিয়েই যে কোন আন্দোলনের কর্মসূচি দেয়া উচিত।